গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.fid.gov.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

স্মারক নম্বর-- ৫৩.০০.০০০০.৩৩১.৯৯.০০১.২০-

তারিখঃ ডিসেম্বর ২০২০

## নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রভাব মোকাবেলায় কটেজ, মাইক্রো এবং স্মল উদ্যোক্তাদের দ্রুত ঋণ প্রদানে সহায়ক নীতিমালা

প্রান্তিক পর্যায়ে ক্ষুদ্র উদ্যোক্তা তৈরি, কর্মসংস্থান সৃষ্টি এবং সর্বোপরি অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির ক্ষেত্রে প্রণোদনা প্যাকেজের ভূমিকা গুরুত্বপূর্ণ। দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে বিশেষ করে কর্মসংস্থান সৃষ্টি ও দ্রুত দারিদ্র্য নিরসনে কটেজ, মাইক্রো, স্মল এবং মিডিয়াম উদ্যোগ (CMSME) মুখ্য ভূমিকা পালন করে। উক্ত খাতের উপখাত কটেজ, মাইক্রো, ও স্মল উদ্যোগ (CMSE) এর একটি বড় অংশ মাইক্রোফাইন্যান্স ইনস্টিটিটিশন (এমএফআই) ও বিশেষায়িত ব্যাংকের মাধ্যমে অর্থায়ন করা হয়ে থাকে। ফলে এ শ্রেণীর উদ্যোক্তাদের কাঙ্খিত মাত্রায় আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিত করণে ব্যাংকিং ব্যবস্থার পাশাপাশি এমএফআই ও বিশেষায়িত ব্যাংকের সম্পৃক্ততা আবশ্যক। এ পরিপ্রেক্ষিতে নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর আর্থিক ক্ষতিজনিত প্রভাব মোকাবেলাসহ দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার লক্ষ্যে ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর সনদপ্রাপ্ত এমএফআইসমূহের মাধ্যমে কটেজ, মাইক্রো এবং স্মল শিল্প উদ্যোক্তাদের অর্থায়নের জন্য সরকার নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করলেনঃ

১। **শিরোনাম:** এ নীতিমালা "নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রভাব মোকাবেলায় কটেজ, মাইক্রো এবং স্মল উদ্যোক্তাদের দ্রুত ঋণ প্রদানে সহায়ক নীতিমালা, ২০২০" নামে অভিহিত হবে।

২। **উদ্দেশ্য:** কোভিড-১৯ এর প্রভাবে ক্ষতিগ্রস্ত কটেজ, মাইক্রো এবং স্মল শিল্প উদ্যোক্তাদের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে চলতি মূলধনের চাহিদা পূরণ এবং যুব উন্নয়ন অধিদফতর, বিসিক সহ বিভিন্ন সরকারি অথবা বেসরকারি সংস্থা হতে প্রশিক্ষণপ্রাপ্ত ও বিদেশ কিংবা শহর ফেরত নতুন উদ্যোক্তাকে প্রাধান্য প্রদানের মাধ্যমে দ্রুত অর্থায়ন।

৩। **প্রণোদনা প্যাকেজ:** কটেজ, মাইক্রো এবং স্মল উদ্যোক্তাদের অর্থায়নের জন্য ঘোষিত প্রণোদনা প্যাকেজ।

৪। **তহবিলের উৎস:** সরকার অথবা বাংলাদেশ ব্যাংক।

৫। **মেয়াদঃ** ০৫ (পাঁচ) বছর।

৬। **বাস্তবায়নকারী সংস্থাঃ** বাংলাদেশ ব্যাংক, এমআরএ, তপশিলি ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও এমএফআই।

৭। **গ্রাহক পর্যায়ে অর্থায়নকারী সংস্থাঃ** সকল তপশিলি ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও এমআরএ'র সনদপ্রাপ্ত এমএফআইসমূহ।

৯। **সুদ** বা **মুনাফা** বা **সার্ভিস চার্জের হারঃ**

ক) **ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই ও বিশেষায়িত ব্যাংক পর্যায়ে অর্থায়নে সুদ অথবা মুনাফার হারঃ** বাংলাদেশ ব্যাংক ০.৫০% সুদ হারে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে অর্থায়ন করবে। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ ২% সুদ বা মুনাফা হারে এমএফআই ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাকে অর্থায়ন করবে।

খ) **গ্রাহক পর্যায়ে অর্থায়নে সুদ অথবা মুনাফা অথবা সার্ভিস চার্জের হারঃ** এমএফআই কর্তৃক গ্রাহক পর্যায়ে অর্থায়নের বিপরীতে সর্বোচ্চ সার্ভিস চার্জের হার হবে বার্ষিক ১৪% যার ৯% গ্রাহক পরিশোধ করবে এবং অবশিষ্ট ৫% সরকার কর্তৃক বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে ভর্তুকী হিসেবে সংশ্লিষ্ট এমএফআইকে প্রদান করা হবে। এছাড়া, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি অর্থায়নের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের ১৩ এপ্রিল ২০২০ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর মাধ্যমে CMSME খাতের জন্য পরিচালিত ২০(বিশ) হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজের সুদ অথবা মুনাফা হার প্রযোজ্য হবে।

চলমান পাতা-২

**১০। প্রতিষ্ঠান পর্যায়ে সর্বোচ্চ ঋণসীমাঃ** অর্থায়নকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এমএফআই ও কোন বিশেষায়িত ব্যাংককে তার (প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট এমএফআই বা বিশেষায়িত ব্যাংক) বিদ্যমান ঋণস্থিতির সর্বোচ্চ ১০% পর্যন্ত ঋণ অথবা বিনিয়োগ হিসেবে প্রদান করতে পারবে।

**১১। গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ঋণসীমাঃ** গ্রাহক (একক বা গ্রুপভিত্তিক) পর্যায়ে সর্বোচ্চ ঋণসীমা হবে ৫০ লক্ষ টাকা। তবে এ প্যাকেজের আওতায় কটেজ উদ্যোগে সর্বোচ্চ ১০ লক্ষ, মাইক্রো উদ্যোগে সর্বোচ্চ ৩০ লক্ষ এবং স্মল উদ্যোগে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা যাবে।

**১২। এমএফআই নির্বাচন ও ঋণ/বিনিয়োগ সম্পন্নকরণঃ**
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির'র সনদপ্রাপ্ত এমএফআইসমূহকে নিম্নোক্ত শর্তাবলী পরিপালন সাপেক্ষে অর্থায়ন করবে:

(১) এমআরএ হতে আবেদনকারী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ঋণ প্রাপ্তির সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে;

(২) অর্থায়নকারী ব্যাংক হতে প্রত্যয়নপত্র প্রদানের অনুরোধ প্রাপ্তির ৩ (তিন) কর্মদিবসের মধ্যে এমআরএ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ঋণ প্রাপ্তির সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্র সরবরাহ করবে;

(৩) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্র প্রাপ্তির সর্বোচ্চ ১ (এক) সপ্তাহের মধ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এমএফআই পর্যায়ে ঋণ অথবা বিনিয়োগের কাজ সম্পন্ন করবে এবং ঋণ প্রাপ্তির অবিলম্বে এমএফআই গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ নিশ্চিত করবে;

(৪) একটি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান সর্বোচ্চ ৩ (তিন)টি ব্যাংক হতে ঋণ গ্রহণ করতে পারবে; তবে ৩(তিন)টি ব্যাংক হতে সংগৃহীত ঋণের পরিমাণ এ নীতিমালার অনুচ্ছেদ ১০ এ বর্ণিত সীমা অতিক্রম করতে পারবে না।

(৫) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআইকে প্রদত্ত ঋণ বা বিনিয়োগের ন্যূনতম মেয়াদ হবে ২ (দুই) বছর; এবং

(৬) অর্থায়নের ক্ষেত্রে এমএফআই'র পর্ষদ কর্তৃক শুধুমাত্র ঋণ পরিশোধের ঘোষণাপত্র ও বিদ্যমান ঋণস্থিতি জামানত হিসেবে রাখা যাবে।

**১৩। অর্থের ব্যবহার:**

(১) এ নীতিমালার আওতায় গৃহীত ঋণ দিয়ে বিদ্যমান কোন ঋণ সমন্বয় বা পরিশোধ করা যাবে না;

(২) গ্রাহক পর্যায়ে এ প্যাকেজের ৪০% ট্রেডিং খাতে এবং ৬০% উৎপাদন ও সেবা খাতে বিতরণ করতে হবে;

(৩) কোন একক অথবা গ্রুপভিত্তিক উদ্যোক্তা প্রতিষ্ঠান সর্বোচ্চ ১ (এক) বছর অথবা সরকার কর্তৃক নির্ধারিত সময়ের জন্য এ প্যাকেজের আওতায় ভর্তুকী সুবিধা প্রাপ্য হবেন।

**১৪। গ্রাহক নির্বাচন ও ঋণ বিতরণ/আদায় বিষয়ক শর্তাবলীঃ** গ্রাহক নির্বাচন, ঋণ বিতরণ সংশ্লিষ্ট ব্যয়, গ্রেস পিরিয়ড, ঋণের কিস্তি, ঋণ আদায়, ঋণ শ্রেণিকরণ মনিটরিং ইত্যাদি এমআরএ এবং ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের বিদ্যমান নীতিমালা অথবা সংশ্লিষ্ট সংস্থার বিদ্যমান নীতিমালা অনুযায়ী পরিচালিত হবে।

**১৫। ডকুমেন্টেশন ও গ্যারান্টিঃ** নির্বাচিত গ্রাহকের ঋণ আবেদন পত্রের সাথে জাতীয় পরিচয় পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ অথবা পাসপোর্টের কপি অথবা ট্রেড লাইসেন্স অথবা সংশ্লিষ্ট সিটি করপোরেশন অথবা পৌরসভার কাউন্সিলর অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের অথবা স্থানীয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের প্রত্যয়ন পত্র এবং অন্য ২ (দুই) জনের গ্যারান্টি দাখিল করতে হবে।

**১৬। মনিটরিং ও রিপোর্টিং:**

(১)বিতরণকৃত ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহকে নিজস্ব ব্যবস্থাপনা পদ্ধতিতে গ্রাহক পর্যায়ে নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে;

চলমান পাতা-৩

(২)অর্থায়নকারী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও এমআরএ নিয়মিতভাবে এমএফআই ও গ্রাহক পর্যায়ে এবং বাংলাদেশ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বাণিজ্যিক ব্যাংক ও এমআরএ'র সহযোগিতা নিয়ে এমএফআই ও গ্রাহক পর্যায়ে পরিদর্শন কার্য পরিচালনা করবে; প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সহায়তা নেয়া যাবে;

(৩) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নির্ধারিত ফরমেট (ফরমেট-'ক') এবং এমএফআই নির্ধারিত ফরমেট (ফরমেট-'খ') অনুযায়ী বাংলাদেশ ব্যাংক ও এমআরএ কে রিপোর্ট প্রদানে বাধ্য থাকবে; এবং

(৪) এমআরএ এ প্যাকেজ বাস্তবায়নে সমন্বয়কের ভূমিকা পালন করবে।

**১৭। পুনঃঅর্থায়ন ও ভর্তুকী প্রাপ্তি:** ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ স্ব স্ব বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে নির্ধারিত ফরমেট (ফরমেট-'গ') এবং ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান অথবা এমএফআই ভর্তুকীর অর্থ প্রাপ্তির লক্ষ্যে নির্ধারিত ফরমেট (ফরমেট-'ঘ') অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের নিকট আবেদন দাখিল করবে এবং সে মোতাবেক বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

**১৮। ফোকাল পয়েন্টঃ** সকল কার্যাবলী সুষ্ঠুভাবে সমন্বয়ের নিমিত্ত আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, এমআরএ ও এমএফআইসমূহে একজন করে উপযুক্ত ফোকাল পয়েন্ট নির্ধারিত থাকবে।

**১৯। সরকারের ক্ষমতা:** সময়ে সময়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বাংলাদেশ ব্যাংক ও এমআরএ'র সাথে সমন্বয় করে বাস্তবতার নিরীখে এ নীতিমালার সফল বাস্তবায়নে যে কোন ধরনের পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন সংযোজন ও বিয়োজন করতে পারবে।

কামরুল হক মারুফ
উপসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফরমেট-খ

<u>অর্থায়নকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুনঃঅর্থায়ন আবেদনের নমুনা</u>

সূত্রঃ -----------------                                                                    তারিখঃ-----------

মহাব্যবস্থাপক
ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্থ** "কুটির ও মাইক্রো উদ্যোক্তাদের অর্থায়ন স্কিম, ২০২০"**হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন।**

শিরোনামোক্ত বিষয়ে ২০২০ তারিখে জারিকৃত সার্কুলার নং- /২০২০ এর নির্দেশনা অনুসরণপূর্বক অত্র ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান -----------------------(ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের নাম) কর্তৃক নির্বাচিত গ্রাহকের অনুকূলে --/২০২০ (মাসের নাম) এ মোট ----টি ঋণ/বিনিয়োগের বিপরীতে আমাদের ব্যাংক কর্তৃক মোট----------- টাকা অর্থায়ন করা হয়েছে। আলোচ্য অর্থায়ন অনুমোদন এবং ঋণ/বিনিয়োগ বিতরণে সাকুর্লারে উল্লিখিত সকল নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। উক্ত অর্থায়নের বিপরীতে বর্ণিত পুনঃঅর্থায়ন স্কিম হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বিস্তারিত তথ্য এতদসঙ্গে দাখিল করা হলো।

অনুগ্রহপূর্বক অত্র ব্যাংকের অনুকূলে মোট -------------------টাকা (কথায়---------------------------) পুনঃঅর্থায়ন প্রদান করে বাধিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(---------------------------)
ব্যবস্থাপনা পরিচালক/বিভাগীয় প্রধান
ঠিকানাঃ----------------------
ফোনঃ ----------------------
ই-মেইলঃ------------------------

সংযোজনী:

১। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত ঋণ/বিনিয়োগ বিবরণী।
২। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তিপত্রের কপি (প্রথমবার আবেদনের ক্ষেত্রে)।
৩। ডিপি নোট।

কামরুল হক মারুফ
উপসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফরমেট-গ

এমএফআই কর্তৃক ভর্তুকী প্রাপ্তির বিষয়ক আবেদনের নমুনা

সূত্রঃ ------------------ তারিখঃ------------

মহাব্যবস্থাপক
ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্থ** "কুটির ও মাইক্রো উদ্যোক্তাদের অর্থায়ন স্কিম, ২০২০"**হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন।**

শিরোনামোক্ত বিষয়ে ২০২০ তারিখে জারিকৃত সার্কুলার নং- /২০২০ এর নির্দেশনা অনুসরণপূর্বক অত্র ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান ------------------------(ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের নাম) কর্তৃক নির্বাচিত গ্রাহকের অনুকূলে --/২০২০ (মাসের নাম) এ মোট ----টি ঋণ/বিনিয়োগের বিপরীতে আমাদের ব্যাংক কর্তৃক মোট----------- টাকা অর্থায়ন করা হয়েছে। আলোচ্য অর্থায়ন অনুমোদন এবং ঋণ/বিনিয়োগ বিতরণে সাকুর্লারে উল্লিখিত সকল নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। উক্ত অর্থায়নের বিপরীতে বর্ণিত পুনঃঅর্থায়ন স্কিম হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বিস্তারিত তথ্য এতদসঙ্গে দাখিল করা হলো।

অনুগ্রহপূর্বক অত্র ব্যাংকের অনুকূলে মোট --------------------টাকা (কথায়---------------------------) পুনঃঅর্থায়ন প্রদান করে বাধিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(----------------------------)
প্রধান নির্বাহী কর্মকর্তা
(এমএফআই)
ঠিকানাঃ-----------------------
ফোনঃ -----------------------
ই-মেইলঃ-------------------------

সংযোজনী:

১। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত ঋণ/বিনিয়োগ বিবরণী।

কামরুল হক মারুফ
উপসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**নভেল করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্ত** "কটেজ, মাইক্রো এবং স্মল উদ্যোক্তাদের অর্থায়ন প্যাকেজ, ২০২০ **এর আওতায় ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত ঋণ/বিনিয়োগ বিবরণী।**

অর্থায়নকারী ব্যাংকের নামঃ-----------------------------------------------------

ঋণ/বিনিয়োগ প্রদানকারী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের নাম ঃ-------------------------------- মাসের নামঃ-----------------------------

| ক্র. নং | গ্রাহকের নাম | লিঙ্গ (পুরুষ/মহিলা/তৃতীয়) | মোবাইল নম্বর | জাতীয় পরিচয় পত্র নং | বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ (টাকা) | বিতরণের তারিখ | গ্রাহক পর্যায়ে সুদের/মুনাফার হার | মেয়াদ | খাত/উদ্দেশ্য | ঋণের বিপরীতে সম্ভাব্য নতুন কর্মসংস্থানের পরিমান | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | পুরুষ | মহিলা | ৩য় লিঙ্গ |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |

* প্রতিটি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের জন্য পৃথক বিবরণী প্রেরণ করতে হবে।

অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর ও সীল
ফোন নম্বর
ইমেইল

কামরুল হক মারুফ
উপসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**(ছক-২)**

অর্থায়নকারী ব্যাংক কর্তৃক প্রেরিতব্য মাসিক বিবরণী

আর্থায়নকারী ব্যাংকের নাম: ..................................................

বিবরণীর সময়কাল (মাসের নাম): ..........................................

(লক্ষ টাকায়)

| ক্র. নং | ঋণ/বিনিয়োগ প্রদানকারী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের নাম | বর্তমান মাস | | | | ক্রমপুঞ্জিভুত | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বিতরণ | | আদায় | | বিতরণ | | আদায় | | ঋণের বিপরীতে সম্ভাব্য নতুন কর্মসংস্থানের পরিমাণ | | |
| | | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পুরুষ | মহিলা | ৩য় লিঙ্গ |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |

অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর ও সীল

ফোন নম্বর

ইমেইল

মরুল হক মারুফ
উপসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার